



জাতীয় শিক্ষা সপ্তাহ

ঢাকা ভাঙ্গিটিতে
শিক্ষা সম্মেলন

জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে শনিবার বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক শিক্ষা সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে "বিজ্ঞান ও কারিগরি শিক্ষার উন্নয়ন" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ মুহাম্মদ ইব্রাহীম।

ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই শিক্ষা সম্মেলনে স্বাগত ভাষণ দেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক এম শামসুল হক। উপস্থাপিত প্রবন্ধের উপর আলোচনায় অংশগ্রহণ করেন কলা অনুষদের ডীন দর্শন বিভাগের অধ্যাপক ডঃ আমিনুল ইসলাম, প্রাণ-রসায়ন বিভাগের অধ্যাপক ডঃ হারুন কে এম ইউসুফ এবং পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ সুলতানা শফি। বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার (শিক্ষা) মুহাম্মদ সেলিম সম্মেলনের কার্যাবলী পরিচালনা করেন।

ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরী সভাপতির ভাষণে বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশে বিজ্ঞান ও কারিগরি শিক্ষার ব্যাপক বিস্তার সাধন করতে হবে। আর এই উদ্দেশ্য সাধনে দেশের জনগণকে বিজ্ঞান ও কারিগরি শিক্ষার প্রতি আগ্রহী করে তুলতে হবে। ভিসি বলেন, বিজ্ঞান ও কারিগরি শিক্ষার উপযুক্ত সম্প্রসারণে সরকারকে গঠনমূলক ও অগ্রগামী ভূমিকা পালন করতে হবে এবং এছাড়া বিরাট অর্থের অর্পণ ব্যয় করতে হবে।

দ্রুত উন্নতির দিকে ধাবমান মালয়েশিয়া এবং দক্ষিণ কোরিয়ার কথা উল্লেখ করে ভিসি বলেন, সে দেশগুলোর সরকার তাদের কিছু জনশক্তি পশ্চিমদেশসমূহ থেকে বিজ্ঞান ও কারিগরি শিক্ষায় প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তি তৈরি করে এনেছে। আর এই দক্ষ জনশক্তি শিল্প উন্নয়নের মাধ্যমে তাদের দেশের অর্থনৈতিক উন্নতিতে সর্বাঙ্গিক ভূমিকা পালন করেছে।

কোষাধ্যক্ষ অধ্যাপক শামসুল হক তাঁর স্বাগত ভাষণে বলেন, শিক্ষা একটি আলো এবং শক্তি। তিনি বলেন, এই শক্তির বিকাশ ছাড়া কোন ক্রমেই জাতীয় উন্নয়ন সম্ভব নয়।

বক্তৃতা পর্ব শেষে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে ইতিপূর্বে অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন কোষাধ্যক্ষ। সম্মেলন শেষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীদের একটু বর্ণাঢ্য শোভাযাত্রা ক্যাম্পাস প্রদক্ষিণ করে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।